

বিগত ১১ (এগার) বছরে (জানুয়ারী/২০০৯ হতে জুন/২০২০) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অগ্রগতি, অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা

২০০৮-০৯ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত এলজিইডি'র উল্লেখযোগ্য অর্জন :

পল্লী সেক্টরে অর্জন

- ৬৩,৬৫৫ কিলোমিটার সড়ক উন্নয়ন;
- ৩,৭৬,৮০৭ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ করা হয়েছে;
- ৯৮,৭৫৬ কিলোমিটার পাকা সড়ক ও ১,৩৬.৮২১ মিটার ব্রীজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন করেছে;
- ১,৬৮৫টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ;
- ২৬৪টি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ করা হয়েছে;
- ২,৪২৭টি গ্রোথ সেন্টার ও হাট-বাজার উন্নয়ন;
- ৯৩৬টি সাইক্লোন সেল্টার নির্মাণ;
- বিভিন্ন সড়কে ৬,৫৮২ কিলোমিটার বৃক্ষরোপণ করেছে;
- ৪০৬ টি ঘাট নির্মাণ করা হয়েছে;
- ৫৫টি মহিলা কর্ণার করা হয়েছে।

নগর সেক্টরে অর্জন

- ৭,৫১৫ কিলোমিটার সড়ক/ফুটপাত নির্মাণ;
- ৩,৭৫৪ কিলোমিটার ড্রেন নির্মাণ;
- ৯,৩৪১ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ;
- ৩,৯৮৩ কিলোমিটার সড়ক মেরামত;
- ৪১ টি বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ;
- ৫৭,৫০৮ টি ল্যাট্রিন/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ;
- ৩৯টি কমিউনিটি সেন্টার নির্মাণ;
- ৫ টি বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট;
- ৩২৪ টি ডাস্টবিন নির্মাণ করা হয়েছে;
- ঢাকা শহরের যানজট নিরসন ও জনগণের দুর্ভোগ লাঘবের জন্য “ঢাকা মহানগরীতে ফ্লাইওভার ব্রীজ নির্মাণ প্রকল্পের মাধ্যমে (মগবাজার মৌচাক (সমন্বিত) ঢাকা শহরে ৮.৭০ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণ করা হয়েছে। যা মাননীয় প্রধানমন্ত্রী ২৬/১০/২০১৭ইং তারিখে উদ্বোধনের পর জনসাধারণের জন্য খুলে দেয়া হয়েছে।
- খিলগাঁও ফ্লাইওভারের ৬২০ মিটার দীর্ঘ একটি লুপ নির্মাণের কাজ ডিসেম্বর/২০১৫ এ সমাপ্ত হয়েছে।
- ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মী নিবাস নির্মাণ প্রকল্পের আওতায় ১৩টি ভবনে ১১৫৫টি ফ্ল্যাট ও ২৬টি কমিউনিটি রুম নির্মাণ কাজ চলমান আছে। প্রকল্পের বর্তমান ভৌত অগ্রগতি ৮০%।

ক্ষুদ্রাকার পানিসম্পদ সেক্টরে অর্জন

- ১৩২৫.৮৬ কিলোমিটার বাঁধ পুনঃনির্মাণ/উন্নয়ন;
- ১,৫২৪ টি রেগুলেটর নির্মাণ/সম্প্রসারণ;
- ৫,১৫৮.৭০ কিলোমিটার খাল খনন/নদী খনন/পুনঃখনন;
- ২০টি রাবার ড্যাম নির্মাণ করা হয়েছে;
- ৮,৩০,৭৫২ হেক্টর কমান্ড এরিয়া উন্নয়ন করা হয়েছে।

২০১৯-২০ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জন :

৫,৫০০ কিলোমিটার সড়ক উন্নয়ন, ৩০,৫০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ, ১৩,০০০ কিলোমিটার পাকা সড়ক ও ৩,৭০০ মিটার ব্রীজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন, ১৯৪টি গ্রোথসেন্টার/গ্রামীণ হাট বাজার উন্নয়ন, ১০০টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ, ৬৪টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ১৩০টি সাইক্লোন সেল্টারসহ বিভিন্ন উন্নয়ন কাজ পল্লী সেক্টরে চলমান আছে। এছাড়া, নগর অঞ্চলে ৮১৫ কিলোমিটার রাস্তা ও ফুটপাত নির্মাণ, ২৪০ কিলোমিটার ড্রেন নির্মাণ, ২৫১.২৮ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ কাজ সমাপ্ত হবে।

২০২০-২১ অর্থবছরের কর্ম পরিকল্পনা :

২০২০-২১ অর্থবছরে পল্লী সেক্টরে ৩,১০০ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ, ১৮,০০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ, ২,৫০০ কিলোমিটার পাকা সড়ক এবং ১,৫০০ মিটার ব্রিজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ, ১২০টি গ্রোথসেন্টার/হাট বাজার উন্নয়ন, ৪০টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ৪৫টি সাইক্লোন সেল্টারসহ বিভিন্ন উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া, নগর অঞ্চলে ৭১০ কিলোমিটার রাস্তা ও ফুটপাত নির্মাণ, ২০০ কিলোমিটার ড্রেণ নির্মাণ, ৩০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে আগামী ২০২০-২১ অর্থবছরে ৮৭০ লক্ষ জনদিবস কর্মসংস্থান সৃষ্টি হবে। বিপুল সংখ্যক পুরুষ ও মহিলা শ্রমিকের কর্মসংস্থান গ্রামীণ দারিদ্র বিমোচনে বিশেষ প্রভাব ফেলবে বলে আশা করা যায়। এই উন্নয়নের ধারা অব্যাহত থাকলে প্রত্যাশিত সময়ের মধ্যেই বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে রূপান্তরিত হবে এবং অদূর ভবিষ্যতে বিশ্বের উন্নত দেশের তালিকায় অন্তর্ভুক্ত হবে।

মধ্যমেয়াদী কর্ম পরিকল্পনা (২০২০-২১ অর্থবছর হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত) :

আগামী মধ্যমেয়াদী পরিকল্পনা (২০২০-২১ অর্থবছর হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত) পল্লী সেক্টরে ১০,৩২০ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ, ৫৫,৫০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ, ৯,০০০ কিলোমিটার পাকা সড়ক এবং ৪,৮০০ মিটার ব্রিজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ, ৩৯০টি গ্রোথসেন্টার/হাট বাজার উন্নয়ন, ১৫৫টি ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ, ১৫০টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ৩৬০টি সাইক্লোন সেল্টার নির্মাণ/পুনর্বাসনসহ বিভিন্ন উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া, নগর অঞ্চলে ২,৩১০ কিলোমিটার রাস্তা ও ফুটপাত নির্মাণ, ৭৫০ কিলোমিটার ড্রেন নির্মাণ, ১,২০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।